




একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।



স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.২২.০০১.১২-

তারিখ : _____ বঃ
স্বিঃ

“অফিস আদেশ”

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের কর্মস্পৃহা ও সেবামূলক কাজে আরো মনোবল বৃদ্ধিকরণের নিমিত্ত অসীম সাহসিকতা ও সেবামূলক কাজের স্বীকৃতিস্বরূপ রাষ্ট্রীয়ভাবে প্রাপ্ত বিভিন্ন খেতাব/পদক, সম্মানজনক অভিধা/টাইটেল এর আদ্যাক্ষর (অন্যান্য বাহিনীর ন্যায়) এবং বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত ডিগ্রি (অন্যান্য বাহিনীর ন্যায়) নামের শেষে ব্যবহার সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তারই ধারাবাহিকতায় পদক প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী রাষ্ট্রীয়ভাবে প্রাপ্ত খেতাব/পদক, সম্মানজনক অভিধা/টাইটেল এর আদ্যাক্ষর এবং বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত ডিগ্রি (অন্যান্য বাহিনীর ন্যায়) নিয়মনীতি মেনে নিম্নরূপভাবে নামের শেষে ব্যবহার করার জন্য নির্দেশ প্রদান করা হলো :

(ক) অসীম সাহসিকতা ও সেবামূলক কাজের স্বীকৃতিস্বরূপ রাষ্ট্রীয়ভাবে প্রাপ্ত বিভিন্ন খেতাব/পদক, সম্মানজনক অভিধা/টাইটেল এর আদ্যাক্ষর (অন্যান্য বাহিনীর ন্যায়) নামের শেষে ব্যবহার সংক্রান্ত বিষয় :

- (১) BFM: Bangladesh Fire Service & Civil Defence Medal.
বিএফএম: বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স পদক।
- (২) PFM: President Fire Service & Civil Defence Medal.
পিএফএম: প্রেসিডেন্ট ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স পদক।
- (৩) BFM(S): Bangladesh Fire Service & Civil Defence Medal (Service).
বিএফএম(এস): বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স (সেবা) পদক।
- (৪) PFM(S): President Fire Service & Civil Defence Medal (Service).
পিএফএম(এস): প্রেসিডেন্ট ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স (সেবা) পদক।

(খ) উচ্চ শিক্ষা/ প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত ডিগ্রি নামের শেষে (অন্যান্য বাহিনীর ন্যায়) ব্যবহার সংক্রান্ত বিষয় :

- (১) সরকার অনুমোদিত বিশ্ববিদ্যালয় অথবা আন্তর্জাতিক শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত পিএইচডি ও এমফিল ডিগ্রি নামের শেষে ব্যবহার করা যাবে;
- (২) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক ম্যাটেরিয়াল ফায়ার স্পেশালিস্ট কোর্স সমাপনান্তে অর্জিত এমএফএস ডিগ্রি নামের শেষে ব্যবহার করা যাবে;
- (৩) এ অধিদপ্তর কর্তৃক পরিচালিত ন্যূনতম এক বছর মেয়াদি কোর্স সমাপনান্তে অর্জিত ডিগ্রি নামের শেষে ব্যবহার করা যাবে;
- (৪) স্বাভাবিক একাডেমিক ডিগ্রিসমূহ (এম.এ, বি.এ ইত্যাদি) নামের শেষে ব্যবহার করা যাবে না।

০২। ইহা একটি স্থায়ী আদেশ। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

ব্রিগেডিয়ার জেনারেল

মোঃ সাজ্জাদ হোসাইন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল

মহাপরিচালক

ফোন: ২২৩৩৮৩৬১৪

চলমান - ২